মাদক নিয়ন্ত্রণে পুলিশের বিশেষ টিম মাঠে (পর্ব-৩)

মেহেরপুরে মাদক নিয়ন্ত্রণে প্রশাসনের সফলতার পাশাপাশি রয়েছে ব্যার্থতাও। মাদক বিরোধী অভিযান পরিচালনার লক্ষ্যে তিন থানায় পুলিশের বিশেষ তিনটি টিম গঠন করা হয়েছে।

মাদক বিরোধী অভিযানে ধরা খেয়ে জেলের ঘানি টানছে বেশ কিছু মাদকের হোতা। কেউ জেল খেটে বাড়ি ফিরে বেছে নিয়েছে স্বাভাবিক জীবন। আবার কেউ পর্দার আড়ালে থেকেই চালিয়ে যাচ্ছে মাদকের ব্যবসা। মাদক ছেড়ে অনেকেই স্বাভাবিক জীবনে ি◌েফরে আসতে চাইলেও অনেক সময় তারাও পুলিশের স্বীকার হয় বলে অভিযোগ রয়েছে।

২০১৯ সালের শুরু থেকে ডিসেম্বরের শেষ পর্যন্ত মেহেরপুর জেলার বিভিন্ন থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে ৫০৬টি। এই মামলায় গত এক বছরে আটক হয়েছে ৭২০ জন আসামী। এর ভিতর কেউ কেউ জেলে থাকলেও বেশির ভাগই মুক্ত।

মেহেরপুর জেলা পুলিশ সুত্রে জানা যায়, জেলাতে ২০১৯ সালে মাদক বিরোধী অভিযানে ৪ হাজার ৮’শ ৬১ বোতল ফেন্সিডিল, ১২৭.৫ কেজি গাঁজা, ২ হাজার ১’শ ৭৭ পিচ ইয়াবা, ১.১২ কেজি হেরোইন, ২০ বোতল বিয়ার, ২ লিটার চোলাই মদ ও ৪ টি গাঁজার গাছ উদ্ধার হয়েছে।

প্রশাসনের এতো সাফল্যের পর কিন্তু থেমে নেই মাদক ব্যবসা। বিভিন্ন কৌশলে চালিয়ে যাচ্ছে মাদকের রমরমা ব্যবসা।
গত ৬ ও ১৩ জানুয়ারী দৈনিক ‘মেহেরপুর প্রতিদিন’এ মাদক নিয়ে সংবাদ প্রকাশীত হয়। সেখানে বেশ কিছু মাদক ব্যবসায়ীর নাম উঠে এসেছে যারা বিভিন্ন কৌশলে মাদক ব্যবসা চালিয়ে যাচ্ছে।

এছাড়াও ‘মেহেরপুর প্রতিদিন’র অনুসন্ধানে দেখা গেছে, এক সময় মাদক ব্যবসার সাথে জড়িত ছিল কিন্তু এখন আর করে না। স্বাভাবিক জীবনে ফিরতে চাইলেও পুলিশি বিভিন্ন হয়রানীর কারনে তারা পালিয়ে বেড়াচ্ছে। আবার কেউ কেউ সম্পূর্ন স্বাভাবিক জীবনে ফিরে অন্য পেশায় জীবিকা নির্বাহ করছে।

এদের মধ্যে রয়েছে সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের বিজন। এক সময় মাদক ব্যবসার সাথে জড়িত খাকলেও তৎকালীন পুলিশ সুপার হামিদুল আলম

করেন তাহলে অনেকটাই মাদক নিয়ন্ত্রণ করা সম্ভব হবে।

জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু বলেন, মাদকের সাথে যারা জড়িত এদের মধ্যে রাঘব বোয়ালরা ধরা ছোয়ার বাইরে থাকে। এদের আইনের আওতায় নিয়ে আসার ক্ষেত্রে দৃশ্যমান কোন ব্যবস্থা নেওয়া হয়না। এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। যে সব জায়গায় মাদকের রুট হিসেবে পরিচিত সেখানে প্রশাসনের উদ্যোগে পথ করা যেতে পারে। মাদকের সাথে যারা জড়িত আছে তাদের স্বাভাবিক জীবনে ফিরে আসতে অনুরোধ করা হবে। সেই সাথে যারা সৎ পথে ফিরে আসবে তাদের পুলিশি কোন হয়রানি বা আটক করা হবে বরং তাদের বিভিন্ন সৎ উপার্জনে সহযোগীতা করা হবে এই আশ্বাস দিলে হয়তো অনেকটা মাদক নিয়ন্ত্রণ হতে পারে।

মেহেরপুর পুলিশ সুপার এস এস মুরাদ আলী বলেন, মাদকের বিরুদ্ধে আমরা সব সময় কঠর অবস্থানে থাকি। আমরা ইতিমধ্যে শুধু মাদক নিয়ন্ত্রনের জন্য তিন থানায় তিনটি চৌকস টিম তৈরি করেছি। তারা খুব ভালো কাজ করছে। ইতিমধ্যে বেশ কয়েকটি অভিযানে ব্যাপক মাদক দ্রব্য উদ্ধার সহ মাদক ব্যবসায়ীদের আটক করা করেছে। আমাদের মাদক বিরোধি অভিযান অব্যাহত থাকবে। (চলবে)

মেপ্র/ইএম

গাংনীতে চুরির অপবাদে মাদ্রাসা শিক্ষার্থীকে নি’র্যাতন, হাসপতালে ভর্তি

টাকা চুরির অপবাদে নাসিম (৮) নামের এক মাদ্রাসা ছাত্রকে পিটিয়ে আহত ও অমানবিক নি’র্যাতনের ঘটনা ঘটেছে। নি’র্যাতন শেষে পালিয়ে যেতে না পারে সে কারনে তাকে একটি ঘরে আবদ্ধ করে ভয়ভীতি দেখিয়েছে

মাদ্রাসা শিক্ষক জাহাঙ্গীর আলম।

টাকা চুরির মিথ্যা অপবাদে তাকে শারীরিক ও মানসিক ভাবে নি’র্যাতন করা হয়েছে বলে জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন নাসিমের পরিবার। আহত শিশু নাসিম গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের জিয়াউর রহমানের ছেলে।

সে কয়েকমাস যাবত গাংনী পৌর এলাকার মালশাদাহ পুর্বপাড়া এতিমখানা সিদ্দিকিয়া হাফেজিয়া মাদ্রাসায় প্রথম শ্রেনীতে ভর্তি হয়ে লেখা পড়া করছে।

আহত শিশু নাসিমকে তার পরিবার গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য ভর্তি করে চিকিৎসা দিচ্ছেন। অমানবিক ঘটনাটি ঘটেছে গত শুক্রবার বিকেলে গাংনী উপজেলার মালশাদাহ পুর্বপাড়া এতিমখানা সিদ্দিকিয়া হাফেজিয়া মাদ্রাসায়। তবে মাদ্রাসার শিক্ষক কর্তৃক শিশু নি’র্যাতনের ঘচনাটি জানাজানি হলে শিক্ষকের শাস্তি দাবী করছেন সচেতন মহল।

জানাগেছে, মেহেরপুরের গাংনী উপজেলার মালশাদাহ পুর্বপাড়া এতিমখানা সিদ্দিকিয়া হাফেজিয়া মাদ্রাসায় জোড়পুকুরিয়া গ্রামের ইয়াউর রহমান তার শিশু পত্র নাসিমকে অরবি পড়তে ভর্তি করেন। কয়েক মাস আগে তাকে ভর্তি করা হয়।

গত শুক্রবার বিকেলে মাদ্রাসার আর এক শিক্ষার্থী নাবিব এর একশ টাকা হারিয়ে যায়। নাবিবের টাকা অন্যত্র খঁজে না পাওয়া গেলে সন্দেহ হয় নাসিমকে।
তাকে ধরে মাদ্রাসা শিক্ষক জাহাঙ্গীর আলম অমানবিক ভাবে পিটিয়ে আহত করে। বেধড়ক পেটানোর এক পর্যায়ে নাসিম টাকা চুরির বিষয়টি স্বিকার করে। কিন্তু নাসিমের বাক্স ও জিনিসপত্র খুঁজে কোন টাকা পাওয়া যায়নি বলে জানায় মাদ্রাসায় পড়ুয়া অন্য শিক্ষার্থীরা।

মারধর শেষে বিষয়টি ধামা চাপা দিতে নাসিমকে মাদ্রাসার একটি ঘরে আটকিয়ে রাখে এবং মারধরের কথা কাউকে বল্লে মেরে ফেলার হুমকি দেয় মাদ্রাসা শিক্ষক জাহাঙ্গীর আলম। এক পর্যায়ে শিশু নাসিম বুদ্ধি খাটিয়ে গত শুক্রবার সন্ধায় মাদ্রাসা থেকে পালিয়ে বাড়ি ফিরে যায়। সমস্ত ঘটনা তার পিতা মাতাকে খুলে বলে। নাসিমের শারীরের বিভিন্ন অংশে আঘাতের চিহ্ন দেখে আৎকে ওঠে তার পরিবার। তাকে ঐদিন শুক্রবার সকালে গাংনী হাসপাতালে ভর্তি করা হয়। তার হাত, পা, পিঠসহ শরীরের বিভিন্ন অংশে আঘতের চিহ্ন দেখে আতকে ওঠে হাসপাতালের অন্যান্যরাও।

শিশু নাসিমকে অমানবিক নি’র্যাতনকারি মাদ্রাসা শিক্ষক জাহাঙ্গীরের বিচার দাবী করেন তার পিতা মাতা। নাসিমের মা নাছিয়া খাতুন জানান, একটি আট বছরের শিশুকে অমানবিক ভাবে যে পিটিয়ে আহত করছে এবং তাকে একটি ঘরে আবদ্ধ করে রেখেছে সেই পাষন্ডের উপযুক্ত বিচার চাই। বিচার না হলে তার কাছে কোন শিশু শিক্ষার্থী নিরাপদ নয়।

পিতা জিয়াউর রহমান জানান, মাদ্রাসা শিক্ষার নামে যে অমানবিকতার পরিচয় দিয়েছে তার উপযুক্ত শাস্তি চাই। অভিযুক্ত মাদ্রাসা শিক্ষক জাহাঙ্গীর আলম বলেন, আমি নাসিমকে মারধর করিনি। তাকে মাদ্রাসার অন্য ছাত্ররাই মেরেছে। কি কারনে মেরেছ জানতে চাইলে তিনি বলেন,মাঝে মধ্যেই অন্যদের টাকা চুরি হয়ের যায় তাই তাকে মেরেছে কিন্তু তার ব্যাগ -ব্যাগেজ তল্লাশি করে কোন টাকা পাওয়া যায়নি বলেও তিনি জাানিয়েছেন।

মাদ্রাসা সুপার আবু বক্কর সিদ্দিক বলেন, আমি এ ঘটনার কিছুই জানিনা। সকালে বিষয়টি শুনলাম। তবে নাসিমের পিতা নাসিমকে আমার মাদ্রাসায় ভর্তি করানোর পর থেকে কোন টাকা পয়সা দেয়না। সে কারনে হয়তবা টাকা নিতে পারে। তবে নাসিমকে মারধরের বিষয়টি শুনে তিনি মর্মাহত হয়েছেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্রে আরএমও ডা: বুধা দিপ্ত দাস বলেন, শিশু নাসিমের শরীরে অনেক আঘাত পেয়েছে। মানসিক ভাবে নাসিম আতংকে রয়েছে। ভয়ভীতি দেখানোর কারনে মাঝে মধ্যে সে প্রলাপ বকছে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, বিষয়টি নিয়ে এখন পর্যন্ত অভিযোগ করেনি। অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন করা হবে।

গাংনী উপজেলা নিবাহী অফিসার দিলারা রহমান জানান, বিষয়টি খুবই দুঃখ জনক। থানায় অবহিত করা হলে পুলিশ প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন করবেন।

মেপ্র/ইএম

ঢাঁকঢোল পিটিয়ে জমির মালিকানা বুঝে পেলেন মাসুদ দিগর

গাংনীতে দীর্ঘ ২৫ বছর পর আদালত কর্তৃক নিজের জমি বুঝে পেলেন মাসুদুর রহমান নামের এক ব্যাক্তি।

আদালতের রায় ঘোষণার পর আদালতের নির্দেশ অনুযায়ী ঢাঁক ঢোল পিটিয়ে মাসুদুর রহমান দিগর কে জমি বুঝিয়ে দেয়া হয়।

গতকাল শনিবার সকালে মেহেরপুর জেলা জজ আদালতের তিন জজ জারি কারক স্থানীয় অমিন নিয়ে ৪ একর ৪৫ শতক জমির সীমানা র্নির্ধারণ করে জমির মালিকদ্বয়কে জমি বুঝিয়ে দেন। এবং জমির চতুর্পার্শ্বে লাল নিশানা পুতে দেন আদালতের প্রতিনিধি দল। আদালতের রায়ের বাস্তবায়ন দেখতে এলকার শতশত উৎসুক জনতা জড়ো হয় ঘটনা স্থলে।

সুত্র জানায়, ১৯৯৫ সালে মেহেরপুরের গাংনীর থানা পাড়ার নিয়ামত আলীর ছেলে মাসুদুর রহমান দিগর বাদী হয়ে মেহেরপুর জজ আদালতে একটি দেওয়ানি মামলা দায়ের করেন। যার দেওয়ানী মামলা নং ১/১৮। গাংনী উপজেলার ধানখোলা রাস্তার পার্শ্বে ২২ টি দাগে মোট ৪ একর ৪৫ শতক হিন্দুদের সাথে বিনিময় মুলে মালিকানা দাবী করে স্থানীয় আজিজুল দিগর ভোগ দখর করে আসছিলেন। শরিকানা মুলে মাসুদুর রহমান দিগর তাদের অধিকার আদায়ে আদালতে মামলা দায়ের করেন।

দীর্ঘ শুনানীর পর বিজ্ঞ আদালত গত ১০ জানুয়ারী মাসুদুর রহমানদের পক্ষে রায় ঘোষনা করেন। রায়ে সন্তোষ প্রকাশ করেন অধিকার বঞ্চিত মাসুদুর রহমান দিগর। বিবাদী পক্ষের আইনজীবী ছিলেন, প্রথমে আনোয়ার হোসেন, তিনি মামলা ছেড়ে দিলে অ্যাডভোকে আফরোজা খাতুন মামলা পরিচালনার দায়িত্বভার নেন। মাসুদুর রহমানের পক্ষে আইনজীবী ছিলেন অ্যাডভোকেট কমিশনার আরিফ উজ্জামান।

দীর্ঘদিন পরে হলেও মাসুদুর রহমান দিগর আইনের শাসন প্রতিষ্ঠায় সম্মান জানিয়ে বলেন, দেশে আইন ও আইনের শাসন আছে বলেই আমাদের অধিকার ফিরে পেয়েছি। এসময় আদালতের প্রতিনিধি হিসেবে মোহাম্মদ মনিরুর ইসলাম, আব্দুর রহমান ও মোহাম্মদ ফারুক হোসেন তিন জন জারিকারক উপস্থিত ছিলেন। এছাড়াও স্থানীয় জনপ্রতিনিধি, সুধিজনসহ এলাকার শতশত লোকজন এখানে উপস্থিত হন।

এসময় জমির মালিককে তার জমি বুঝিয়ে দিতে ঢাঁক ঢোল পিটিয়ে লাল নিশানা পুতে দেয়া হয়।

চুয়াডাঙ্গা ও খুলনা সমানে সমান

বঙ্গবন্ধু জাতীয় চ্যাম্পিয়নশীপ ২০২০ চুয়াডাঙ্গা ভেন্যুর খেলায় শ্বাসরুদ্ধকর এক ফুটবল দেখলো দর্শকরা। টানটান উত্তেজনার খেলায় খুলনা ও চুয়াডাঙ্গা ১-১ গোলে সমতা নিয়ে মাঠ ছাড়েন।

গতকাল শনিবার দুপুর ৩টায় চুয়াডাঙ্গার নতুন স্টেডিয়ামে মুখোমুখি হয় চুয়াডাঙ্গা জেলা একাদশ ও খুলনা জেলা একাদশ। খেলার প্রথমার্ধে দুই দলের খেলোয়ারদের আক্রামন পাল্টা আক্রমনে গ্যালারীতে বসে দারুন এক উত্তেজনাকর ফুটবল উপভোগ করেন দর্শকরা।

প্রথমার্ধের ৩৪ মিনিটের মাথায় খুলনা একাদশের ৯ নং জার্সিধারী জান্নাত মাঝ মাঠ থেকে প্রতিপক্ষের খেলোয়ারদের পরাস্ত করে চুয়াডাঙ্গার জালে বল জড়িয়ে দলকে ১-০ গোলে এগিয়ে নেন। মধ্য বিরতির আগ মুহুর্ত পর্যন্ত খুলনা জেলা একাদশ ১-০ তে এগিয়ে থেকে মাঠ ছাড়েন।

দ্বিতীয়ার্ধের খেলার শুরু থেকেই খুলনা একাদশের খেলোয়াররা অনেকটা একপেশে ফুটবল খেলেন। চুয়াডাঙ্গা একাদশ ১-০ গোলে পিছিয়ে থেকে খেলোয়ারদের মনোবল ভেঙ্গে যায়। ফলে দ্বিতীয়ার্ধের ১ম প্রথম দিকে অনেকটা অগাছালো ফুটবল খেলতে থাকে চুয়াডাঙ্গা একাদশের খেলোয়াররা।

এ সময় খুলনাা একাদশের খেলোয়ার দফায় দফায় আক্রমন করলেও গোল ব্যবধান বাড়াতে ব্যর্থ হয়। কিন্তু খেলা শেষের ১০ মিনিটে দারুন ফুটবল খেলা উপহার দেয় চুয়াডাঙ্গা একাদশের খেলোয়াররা। এ সময় দফায় দফায় আক্রামন করে অনেকটা বিপর্যস্ত করে ফেলে খুলনা জেলা একাদশের খেলোয়ারদের। শ্বাসরুদ্ধকর এক ফুটবল উপভোগ করতে থাকে গ্যালারিতে বসা দর্শকরা।

খেলা শেষের ১ মিনিট আগে চুয়াডাঙ্গা জেলা একাদশের পরিকল্পিত এক

আক্রামন থেকে ৮ নং জার্সিধারী তরু খুলনা একাদশের গোল রক্ষককে বোকা বানিয়ে বল জালে জড়িয়ে দিলে খেলায় ১-১ গোলে সমতা আসে। রেফারি জসিম আক্তারের শেষ বাঁশিতে দুই দলকেই সমতা নিয়েই মাঠ ছাড়তে হয়।

খেলায় সহকারী রেফারীর দায়িত্বে ছিলেন দেবাশিষ চক্রবর্তী ও আশরাফুল ইসলাম। ম্যাচ রেফারী ছিলেন তোফাজ্জেল হোসেন বাচ্চু।

মেপ্র/ইএম

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী জাতীয় নজরুল সম্মেলন শুরু

ঝিনাইদহে শুরু হয়েছে ৩ দিন ব্যাপী জাতীয় নজরুল সম্মেলন। এ উপলক্ষে গতকাল শনিবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে জেলা শিল্পকলা একাডেমীতে গিয়ে শেষ হয়।

পরে সেখানে বেলুন উড়িয়ে সম্মেলনের উদ্বোধন করা হয়। পরে শিল্পকলা একাডেমী মিলনাতনে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।
জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. প্রফেসর হারুন-উর-রশিদ আসকারী।

তিনি বলেন, নজরুল ছিলেন একজন বিস্ময়কর বাঙালী প্রতিভা। মাত্র ২৩ বছরেই তিনি বিপুল প্রতিভার জন্ম দিয়ে গেছেন। তিনি ছিলেন, অকুতোভয় ও দ্রোহী কবি। তিনি ছিলেন মানবতাবাদী ও সকল ধর্মের প্রতি শ্রদ্ধাশীল। তিনি নজরুলকে মননে গ্রহণ করার জন্য নতুন প্রজন্মের প্রতি আহ্বান জানান। এতে একেক জন সুপারম্যান হতে পারবে বলেও তিনি আশা করেন।

অনুষ্ঠানে মুখ্য আলোচক ছিলেন কবি নজরুল ইসলাম ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক আব্দুর রাজ্জাক ভূঞা।

এসময় আরও বক্তব্য রাখেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, পুলিশ সুপার হাসানুজ্জামান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রধান প্রফেসর ড. আনোয়ার হোসেন। স্বাগত বক্তব্য রাখেন কবি নজরুল ইসলাম ইনস্টিটিউটের সচিব মো: আব্দুর রহিম।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের আয়োজনে ঝিনাইদহ জেলা প্রশাসনের সহযোগিতায় শনিবার থেকে শুরু হওয়া এ সম্মেলন শেষ হবে আগামী ২৭ জানুয়ারি। ৩ দিন ব্যাপী এ অনুষ্ঠানে কবি গান পরিবেশন, আলোচনা সভা ও তার জীবন দর্শণ নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

মেপ্র/ইএম

হরিনাকুন্ডুতে শিক্ষা প্রতিষ্ঠানের ভবন ও পাকা রাস্তার উদ্বোধন

ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার মকিমপুর মাধ্যমিক বিদ্যালয়ের তিন তলা ও দুর্লভপুর মাধ্যমিক বিদ্যালয়ের এক তলা ভবন নির্মাণ এবং পাকা রাস্তা উদ্বোধন করেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দীকি সমি।

এর আগে গতকাল শনিবার বিকেলে সদর উপজেলার আমতলা বাজারে জে.এইচ.এস অটিষ্টিক ও বুদ্ধি ও প্রতিবন্ধী বিদ্যালয় পরিদর্শন করেন তিনি।

এ উপলক্ষে মকিমপুর মাধ্যমিক বিদ্যালয় এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সে সময় মকিমপুর মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি আজিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন এমপি তাহজীব আলম সিদ্দীকি সমি।

তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বে বাংলাদেশ আজ এগিয়ে যাচ্ছে। উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে। আওয়ামী লীগের নেতাকর্মীদের সকল ভেদাভেদ ভুলে কাঁধে কাঁধ মিলিয়ে এক যোগে কাজ

করে ঝিনাইদহের উন্নয়নের ধারা অব্যাহত রাখার আহবান জানান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন হরিনাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন, আওয়ামী লীগ নেতা ফজলুর রহমান মালিতা, রশিদুল ইসলাম, আব্দুর রাজ্জাক লস্কার, রওশন আলী, যুব লীগ নেতা কামাল হোসেন, রোকনুজ্জামান রিপন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু সুমন বিশ্বাস সহ অন্যান্যরা।

মেপ্র/ইএম

মেহেরপুর জেলা ট্রাক-মালিক গ্রুপ এর নব-নির্বাচিতদের শপথ ও প্রীতিভোজ

মেহেরপুর জেলা ট্রাক-মালিক গ্রুপ এর নব-নির্বচিতদের পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার ঝিনাইদহের ড্রিমভ্যালী পিকনিক স্পটের অডিটেরিয়াম এ পরিচিতি অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন ট্রাক-মালিক গ্রুপের নব নির্বচিত সভাপতি গোলাম রসুল। নির্বাচন কমিশনের সদস্য সাংবাদিক মাহাবুব চান্দুর সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মিজানুর রহমান রানা।

অন্যদের মধ্যে বক্তব্য দেন সংগঠনের সহ সভাপতি ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আবদুল্লাহ আল-আমিন ধুমকেতু।

এসময় উপস্থিত ছিলেন নির্বাচন পরিচালনা কমিটির মাহাবুবুল হক মন্টু, আপিল বোর্ডের সভাপতি নুরুল আহমেদ, সদস্য আফতাব উদ্দিন সহ সংগঠনের নব নির্বাচিত ২৭ জন সদস্য। আলোচনা সভা শেষে নির্বাচিতদের শপথ বাক্য পাঠ করান নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আবদুল্লাহ আল-আমিন ধুমকেতু।

পরে নির্বাচিতদের ক্রেষ্ট প্রদানের মাধ্যমে পরিচয় করিয়ে দেওয়া হয়। পরে আলোচনা সভা ও ক্রেষ্ট প্রদান শেষে এক প্রীতি ভোজের আয়োজন করা হয়।

মেপ্র/ইএম

মেহেরপুর পুলিশ সুপারের কম্বল বিতরণ

মেহেরপুর জেলা পুলিশ সুপার এসএম মুরাদ আলীর নিজস্ব উদ্যোগে গরীব ও অসহায় মানুষের মধ্যে কম্বল বিতরণ করা হয়েছে। গত তিন দিন যাবত মেহেরপুর শহরের বিভিন্ন প্রান্ত ঘুরে ঘুরে অসহায় মানুষদের খুজে বের তিনি গমর কম্বল বিতরণ করে আসছেন।

মেহেরপুরে হঠাৎ করেই শীতের কাপছে হত দরিদ্র মানুষ। এদের মধ্যে অনেকেই পুলিশ সুপারের কম্বল পেয়ে বেশ খুশি হয়েছেন।
পুলিশ সুপার মুরাদ আলী জানান, সামান্য চেষ্টা করেছি অসহায় কিছু মানুষদের শীত নিবারণের জন্য। যাদের তেমন একটা ঘর বাড়ি নেই এই প্রচন্ড শীতে তারা অত্যন্ত কষ্ট করছে।

তাদের এই ছোট্ট উপহার দিতে পেরে আমি নিজেও খুশি। আগামী কয়েকদিনের মধ্যে আবারও বিভিন্ন জায়গায় শীতার্থদের মাঝে কম্বল বিতরণেরও আশা বাদ ব্যাক্ত করেন।

মেহেরপুর প্রতিদিন পত্রিকা হবে

দক্ষিণ-পশ্চিমাঞ্চালের সেরা পত্রিকা- প্রকাশক এম.এ.এস ইমন

সেদিন আর বেশি দুরে নয় যে দিন মেহেরপুর প্রতিদিন দক্ষিণ-পশ্চিমাঞ্চালের সেরা পত্রিকা হিসেবে স্বিকৃতি পাবে। মেহেরপুর প্রতিদিন জনগনের কথা বলে, অন্যায়, অনিয়ম, দূর্নিতির বিরুদ্ধে কথা বলে।

সেই সাথে সমাজের ভালোকাজ গুলো তুলে ধরে। মেহেরপুর প্রতিদিন পত্রিকার প্রথম প্রতিনিধি সম্মেলনে এ কথা বলেন প্রত্রিকার প্রকাশ এমএএস ইমন। প্রতিনিধিদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা সমাজের দর্পন।

সমাজের অপকর্মগুলো তুলে ধরার দায়িত্ব আপনাদের। সমাজ পরিবর্তনে সাংবাদিক যে ভূমিকা পালন করে তা অন্য কেউ পারবে না। এজন্য আপনাদের সর্বাত্মাক সহযোগীতা করবে মেহেরপুর প্রতিদিন। সংবাদের সাথে কোন আপস করবেন না। কথা দিচ্ছি আপনাদের বিপদে আপদে সব সময় আমি পাশে আছি।

শনিবার মেহেরপুরের আমঝুপি নীলকুঠিতে দিন ব্যাপী নানা আয়োজনের মধ্যদিয়ে সম্পন্ন হলো মেহেরপুর প্রতিদিন এর প্রতিনিধি সম্মেলন ও বার্ষিক বনভোজন। আলোচনা সভা, প্রীতি ভোজসহ জমকালো অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন। সভাপতির বক্তেব্যে ইয়াদুল মোমিন বলেন, আপনারা জানেন মেহেরপুর প্রতিদিন ২০১৮ সালের ২৬ মার্চ যাত্রা শুরু করে। মাত্র ১৮ মাস বয়সে মেহেরপুর সহ চুয়াডাঙ্গা, ঝিনাইদহ ও কুষ্টিয়ায় বিস্তার ব্যাপক বিস্তার লাভ করেছে।

এটি সম্ভব হয়েছে বস্তুনিষ্ঠ সংবাদ ও প্রতিনিধিদের আন্তরিক প্রচেষ্টায়। আপনাদের সহযোগীতা থাকলে সামনে আরও বেশি উন্নতির দিকে এগিয়ে যাবো।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর প্রতিদিনের নিজস্ব প্রতিনিধি আখতারুজ্জামান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন যুগ্ম সম্পাদক আল-আমিন, সাহিত্য সম্পাদক সুখি ইসলাম, চুয়াডাঙ্গা

ব্যুরো প্রধান জামান আখতার, ইউনিক গ্রুপ এর প্রধান নির্বাহী মুন্সি জাহাঙ্গীর জিন্নাত হিরক,

নিজস্ব প্রতিনিধি এ শাহিন সিদ্দিকি, আলমডাঙ্গা ব্যুরো প্রধান খন্দকার শাহ আলম মন্টু, কার্পাসডাঙ্গা প্রতিনিধি আজিমুদ্দিন আহমেদ, কোটচাদপুর প্রতিনিধি মঈন উদ্দিন, ঝিনাইদহ প্রতিনিধি হাবিব চৌধুরী, আলমডাঙ্গা প্রতিনিধি হাসিবুল ইসলাম, বারাদী প্রতিনিধি নুরুল ইসলাম, দর্শনা প্রতিনিধি আহসান হাবিব মামুন, মুজিবনগর প্রতিনিধি রেজাউল করিম, তেরাইল কলেজের প্রভাষক জাবলুন্নবী,

আমঝুপি প্রতিনিধি শহিদুল ইসলাম, দামুড়হুদা প্রতিনিধি আলমগীর হোসেন।
এসময় উপস্থিত ছিলেন, বিশেষ প্রতিনিধি সাইফুল আযম তাপস, আইটি ইনচার্জ রোকোনুজ্জামান মিন্টু, নিজ্স্ব প্রতিনিধি শাকিল রেজা, পারভেজ আলী, আদনান কবির পিয়াল, উবায়দুল্লাহ, চিৎলা প্রতিনিধি সুরুজ মল্লিক, বুড়িপোতা প্রতিনিধি বাসারুল, ফয়সাল হোসেন সহ মেহেরপুর প্রতিদিন পরিবারের সকল সদস্য ও শুভাকাঙ্খিগন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন মেহেরপুর প্রতিদিন এর প্রধান প্রতিবেদক মর্তুজা ফারুক রুপক।

মেপ্র/ আরপি

মেহেরপুরে স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচনের ভোট গ্রহন চলছে

গনতন্ত্রের সঠিক চর্চার উদ্দেশ্য সরকারি নির্দেশনা অনুযায়ী মেহেরপুর জেলার মাধ্যমিক বিদ্যালয় গুলোতে একযোগে স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে।

সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে। প্রতিটি ক্লাসে একজন করে প্রতিনিধি ও একজন পুরো প্রতিষ্ঠানের একজন

প্রতিনিধি নির্বাচিত হবে।

সরেজমিনে গিয়ে দেখা যায় উৎসব মুখর পরিবেশে বিভিন্ন বিদ্যালয়ে ভোট গ্রহণ চলছে।

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান জানান, সুষ্ঠ ও উৎসব মুখর পরিবেশে ভোট গ্রহণ চলছে। শতভাগ শিক্ষার্থীর উপস্থিতি আছে।

একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম জানান, শনিবার একযোগে বিদ্যালয় গুলো স্টুডেন্ট ক্যাবিনেট নির্বাচন চলছে।